

Zwischenprüfung im Nebenfach

“Sprachen und Kulturen des neuzeitlichen Südasiens” am 10.10.2007

1. Übersetzen Sie den folgenden Text (Quelle: বনফুল রচনাবলী ২০, কলকাতা: গ্রন্থালয় ১৯৮৭, S.160):

বীরেনবাবুর গঙ্গাস্নান

বীরেনের সঙ্গে বাল্যকালে এক স্কুলে পড়েছিলাম। তারপর আর তার সঙ্গে দেখা হয়নি। ত্রিশ বছর পর শিলং শহরে হঠাৎ শুনলাম বীরেন এখানকার স্কুলে মাস্টার হয়ে এসেছে। আমি শিলং শহরে ওকালতি করছি তখন। খোঁজ নিয়ে একদিন সন্ধ্যাবেলা তার বাড়ি গেলাম। শুনলাম সে বাড়িতে নেই। পরদিন স্কুলে ফোন করলাম। ফোনে পেলাম তাকে। পরিচয় দিতে সে আমাকে চিনতে পারল, দেখলাম আমাকে ভোলেনি সে। বললাম—“আজ সন্ধ্যায় তোমার বাড়িতে যাব। বাড়িতে থেকে।”

“সন্ধ্যার সময় এসো না। সে সময় আমি গঙ্গাস্নান করতে যাই। রবিবার সকালে এসো—”

“গঙ্গা-স্নান? শিলং-এ গঙ্গা কোথায়?”

“আমি যে গঙ্গায় স্নান করি সে গঙ্গা সব দেশে আছে—”

“তার মানে?”

“আমি রোজ সন্ধ্যায় লাইব্রেরীতে গিয়ে পড়াশুনা করি। গঙ্গাস্নানের পুণ্য এবং আনন্দ লাভ হয়—”

এর উত্তরে কি যে বলব ভেবে পেলাম না।

2. Geben Sie Alternativformen zu শুনলাম, দেখলাম und করলাম.

3. Warum heißt es im Text বাড়িতে থেকে und nicht বাড়িতে থাক (bzw. থাকো)?